

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৫৮

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৬২. শত্রুর সাথে সন্ধি করা।

باب فِي صُلْح الْعَدُّقِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، حَدَّثَنَا الأَوْزَاعِيُّ، عَنْ حَسَّانَ بِن عَطِيَّةَ، قَالَ مَالَ مَكْحُولٌ وَابْنُ أَبِي زَكَرِيَّاءَ إِلَى خَالِدِ بْنِ مَعْدَانَ وَمِلْتُ مَعَهُمَا فَحَدَّثَنَا عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ، قَالَ قَالَ جُبَيْرٌ انْطَلِقْ بِنَا إِلَى ذِي مِخْبَرٍ _ رَجُلٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ، قَالَ قَالَ جُبَيْرٌ انْطَلِقْ بِنَا إِلَى ذِي مِخْبَرٍ _ رَجُلٌ مِنْ أَصْحَابِ النَّبِيِ صلى عَنْ جُبَيْر عَنِ الْهُدْنَةِ فَقَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى صلى الله عليه وسلم _ فَأَتَيْنَاهُ فَسَأَلَهُ جُبَيْرٌ عَنِ الْهُدْنَةِ فَقَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " سَتُصَالِحُونَ الرُّومَ صَلْحًا آمِنًا وَتَغْزُونَ أَنْتُمْ وَهُمْ عَدُوًّا مِنْ وَرَائِكُمْ " .

বাংলা

২৭৫৮. আবদুল্লাহ্ ইবন মুহাম্মদ নুফায়লী (রহঃ) হাস্সান ইবন 'আতিয়া (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ মাকহুল এবং ইবন আবূ যাকারিয়া (রহঃ) খালিদ ইবন মা'দানের নিকট যান এবং আমিও তাদের সাথী হই। অতঃপর তিনি যুবায়র ইবন নুফায়ল (রাঃ) হতে হাদীছ বর্ণনা করেন। যুবায়র (রাঃ) বলেনঃ তুমি আমাদের সঙ্গে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী যি-মিখবার (রাঃ) এর কাছে চল। তখন আমরা তাঁর নিকট উপস্থিত হই এবং জুবায়র (রাঃ) তাঁর নিকট সন্ধির ব্যাপারে জিজ্ঞাসা করেন। তখন তিনি বলেনঃ আমি রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এরূপ বলতে শুনেছিঃ অচিরেই তোমরা রোমকদের সাথে এরূপ সন্ধি করবে, যাতে পূর্ণ শান্তি প্রতিষ্ঠিত হবে। পরে তোমরা এবং তারা সম্মিলিত হয়ে অপর এক শক্রর বিরূদ্ধে যুদ্ধ করবে।

English

Narrated Dhu Mikhbar:

Hassan ibn Atiyyah said: Makhul and Ibn Zakariyya went to Khalid ibn Ma'dan, and I also went along with them. He reported a tradition on the authority of Jubayr ibn Nufayr. He said: Go with us to Dhu Mikhbar, a man



from the Companions of the Prophet (ﷺ). We came to him and Jubayr asked him about peace. He said: I heard the Messenger of Allah (ﷺ) say: You will make a secure peace with the Byzantines, then you and they will fight an enemy behind you.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাসান ইবনু আতিয়াহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন